

বরাবর

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হোসেনপুর, কিশোরগঞ্জ।

বিষয়: কর্মস্থলে যোগদানপত্র দাখিল।

মহোদয়,

যথাযথ সম্মান পূর্বক সবিনয় নিবেদন এই যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্মারক নং-
৫৯.১১.০০০০.১৫২.১৯.০৩৩.২৪-৩১১৪, তারিখ: ২১.০৮.২০২৫ খ্রি. মূলে নিম্নস্বাক্ষরকারীকে ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন
আশুগঞ্জ উপজেলা হতে কিশোরগঞ্জ জেলাধীন হোসেনপুর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সহকারী পরিবার পরিকল্পনা
কর্মকর্তা পদে বদলী করা হয়। এ শ্রেণিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের
২৫.০৮.২০২৫ খ্রি. তারিখের ৫৯.১১.১২৩৩.০০০.১২.০০১.২৫-১৩৯ সংখ্যক স্মারকে নিম্নস্বাক্ষরকারীকে বদলিকৃত কর্মস্থল
হোসেনপুর, কিশোরগঞ্জ-এ যোগদানের লক্ষ্যে ২৫.০৮.২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে ছাড়পত্র প্রদান করায় অদ্য ২৬.০৮.২০২৫
খ্রি. তারিখ পূর্বাহ্নে হোসেনপুর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে যোগদানপত্র দাখিল করলাম।

অতএব, দাখিলকৃত যোগদানপত্র গ্রহণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সদয় মর্জি কামনা
করছি।

তারিখঃ ২৬.০৮.২০২৫ খ্রি.

বিনীত-

প্রেমাশীষ ভৌমিক
সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ।

সংযুক্ত:-

১. বদলি আদেশের অনুলিপি- ১ কপি
২. ছাড়পত্রের অনুলিপি- ১ কপি
৩. আর্টিকেল-৪৭ এর অনুলিপি- ১ কপি

যোগদান পত্র গ্রহণের জন্য

মোঃ আনজ্জমান ইসলাম
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হোসেনপুর, কিশোরগঞ্জ।